গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

## অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ১৫/০৬/২০২২ তারিখ সকাল ১০.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় । |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট- ক) । |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে দায়িত্বপ্রাপ্ত যুগ্মসচিব (প্রশাসন-৩) বিগত ২৩ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের বিগত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিশাখা/ শাখা ভিত্তিক বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণ | মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। ইতোমধ্যে ২০২০-২০২১ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগ হতে এ সংক্রান্ত পূর্ণ নম্বর পাওয়া গিয়েছে। এরই ধারাবহিকতায় এ বছরও পূর্ণ নম্বর প্রাপ্তির আশা করা যায়। মন্ত্রণালয়সহ দপ্তর/সংস্থার ওয়েবসাইট এবং এপিএ/সিটিজেনস চার্টার, শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার সকল তালিকা ওয়েভসাইটে হালনাগাদ করার জন্য সভাপতি কর্তৃক গুরুত্বারোপ করা হয়। | মন্ত্রণালয়সহ সকল দপ্তর/ সংস্থার ওয়েবসাইট হালনাগাদ এবং বিভিন্ন বিষয়ে ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে নিয়মিত আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিস্টেম এনালিস্ট |
| ৩.২ | ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন | এ মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখায় ই-নথিতে কার্যক্রম চালু আছে এবং ই-নথির মাধ্যমে নোট নিষ্পন্ন ও পত্র জারির কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। চলতি মাসে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ৭৮%। ই-ফাইলিং এর লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে বিভিন্ন শাখায় অনিষ্পন্ন পত্রসমূহ ই-ফাইলিং নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রমের শতকরা হার ৮৮% এ উন্নীত করতে এবং সকল শাখা/অধিশাখার অনিষ্পন্ন পত্র ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তি করে অগ্রগতির তালিকা ২৮/০৬/২০২২ তারিখ অতিরিক্ত সচিব (প্রশাসন) এর মাধ্যমে সচিব মহোদয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ সিস্টেম এনালিস্ট |
| ৩.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-এর কার্যক্রম | APA এর লক্ষ্যমাত্রা পূরণকল্পে চলতি অর্থবছরে অবশিষ্ট ৯৮ টি পরিদর্শন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে অনুবিভাগ/ কর্মকর্তাদের অনুযায়ী বিভাজনকৃত পরিদর্শন রিপোর্ট জমা প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | APA এর লক্ষ্যমাত্রা পূরণকল্পে চলতি অর্থবছরে অবশিষ্ট ৯৮ টি পরিদর্শন কার্যক্রম অনুবিভাগ/শাখা/ অধিশাখায় কর্মরত কর্মকর্তাগণকে আগামী ১৫ দিনের মধ্যে প্রশাসন-১ শাখায় জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। | ১.সকল কর্মকর্তা<br>২. উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) |

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.৪ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | SDG কার্যক্রম বাস্তবায়নে সকল শাখা কর্মকর্তাকে দায়িত্বশীল ভূমিকা পালনের বিষয়ে আলোচনা করা হয়। | কর্মপরিকল্পনা অনুযায়ী SDG বিষয়ক বাস্তবায়ন কার্যক্রম চলমান রাখার নির্দেশনা প্রদান করা হয়। | SDG ফোকাল পয়েন্ট। |
| ৩.৫ | অধিশাখা/ শাখা ভিত্তিক পত্র প্রাপ্তি, নিষ্পত্তি ও অনিষ্পন্ন সংক্রান্ত। | অধিশাখা/শাখার পত্র প্রাপ্তি, নিষ্পত্তি ও অনিষ্পন্ন পত্র বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করা হয়। হার্ডনথির এবং ই-নথির সংখ্যার প্রকৃত চিত্র উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে পত্র নিষ্পত্তি এবং অনিষ্পন্ন পত্রের তথ্য ছক আকারে উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও সিস্টেম এনালিস্ট |
| ৩.৬ | মন্ত্রণালয়ের শাখা/ অধিশাখা পরিদর্শন | সচিবালয় নির্দেশমালা অনুযায়ী সকল অধিশাখা/শাখা নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন যথাসময়ে প্রশাসন-৩ অধিশাখায় দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। | কর্মকর্তা শাখা/অধিশাখা ভিত্তিক পরিদর্শন প্রতিবেদন যথাসময়ে প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণের সিদ্ধান্ত প্রদান করা হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা। |
| ৩.৭ | মন্ত্রিপরিষদ সভার সিদ্ধান্ত | **(ক).** ''বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০১৯'': মন্ত্রিসভার বৈঠকে নীতিগত অনুমোদনের জন্য গত ১১/০৭/২০২১ তারিখে প্রেরণ করা হলে ০৯/০৮/২০২১ তারিখে নীতিগত অনুমোদন করেন এবং উক্ত আইনটি ভেটিং এর জন্য ২৯/০৮/২০২১ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়েছে।<br><br>**(খ) বঙ্গোপসাগরে মৎস্যসম্পদ আহরণ বিষয়ক নীতিমালা, ২০১৯ :** প্রাপ্ত মতামতের ভিত্তিতে ১৫/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুতকৃত খসড়া নীতিমালা এবং 'সামুদ্রিক মৎস্য আহরণ নীতিমালা, ২০২২' এর চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এর সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।<br><br>(খ) শীঘ্রই মন্ত্রিপরিষদ বিভাগের সভায় উপস্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | যুগ্মসচিব (আইন) |
| ৩.৮ | অডিট সংক্রান্ত | এ মন্ত্রণালয়ের ২০২২ সালের মে মাস পর্যন্ত মোট ০৬ টি অডিট আপত্তি রয়েছে। বর্তমান মাসে অডিট নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়েছে। | মন্ত্রণালয়ের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ৩.৯ | শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত | এ মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (সংশোধিত) ওয়েব সাইটে আপলোড করা; গত ০৭/০৬/২০২২ তারিখে দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ওপর এ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ফিডব্যাক কর্মশালা এবং ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার পুরস্কার (সংশোধিত) নীতিমালা ২০২১ অনুযায়ী এ মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ০৪ জন কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করা হয়েছে এ বিষয়ে আলোচনা করা হয়েছে। | (ক) ২০২১-২০২২ অর্থবছরে এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর প্রমণাকসহ চূড়ান্ত প্রতিবেদন আগামী ০৭/০৭/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে যথাযথভাবে প্রেরণে অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্টকে নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) এ মন্ত্রণালয়ের ৩ জন এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থার মধ্য হতে ১ জনসহ মোট ০৪ জন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন)<br><br>উপসচিব প্রশাসন-২/ যুগ্মসচিব প্রশাসন-৩। |

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১০ | বিবিধ | (ক) মন্ত্রণালয়স্থ শাখা/অধিশাখাভিত্তিক নথি বিনষ্ট সংক্রান্ত তথ্য কোয়ার্টারভিত্তিক উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) মন্ত্রণালয়স্থ শাখা/অধিশাখাভিত্তিক নথি বিনষ্ট সংক্রান্ত তথ্য কোয়ার্টারভিত্তিক উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| | | (খ) এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী মন্ত্রণালয়ে কর্মরত ১০৫ জন কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক ৬০ জনঘন্টার বিপরীতে গ্রেডভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | (খ) অভ্যন্তরীণ প্রশিক্ষণের তথ্য ৬০ জনঘন্টার বিপরীতে গ্রেডভিত্তিক প্রশিক্ষণের তথ্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব প্রশাসন-৩ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়